যুগান্তর

তারিখ ... 30 AUG 2016 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 ...

খুলনা বিশ্ববিদ্যালয়

# ভর্তির আবেদন গ্রহণ শুরু ৫ সেপ্টেম্বর

**খুলনা ব্যুরো**

খুলনা বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ শিক্ষাবর্ষে প্রথম বর্ষের স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তির সময়সূচি ঘোষণা করা হয়েছে। সে অনুযায়ী ৫ সেপ্টেম্বর থেকে আবেদন করা যাবে এবং তা চলবে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত।

আগামী ৩, ৪ এবং ৫ নভেম্বর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ৩ নভেম্বর সকাল ৯টা থেকে বেলা ১১টা পর্যন্ত বিজ্ঞান প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুলের, বেলা ১টা থেকে দুপুর ২-৩০ পর্যন্ত জীববিজ্ঞান স্কুলের এবং বিকাল ৩-৩০ থেকে বিকাল ৫টা পর্যন্ত চারুকলা ইন্সটিটিউটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ৪ নভেম্বর সকাল ৯টা থেকে ১০-৩০টা পর্যন্ত ব্যবস্থাপনা ও ব্যবসায় প্রশাসন স্কুলের এবং দুপুর ২-৩০ থেকে বিকাল ৪টা পর্যন্ত সমাজবিজ্ঞান স্কুলের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ৫ নভেম্বর সকাল ৯টা থেকে বেলা ১১টা পর্যন্ত কলা ও মানবিক স্কুলের এবং দুপুর ২-৩০ থেকে বিকাল ৪টা পর্যন্ত আইন স্কুলের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

এবার বিশ্ববিদ্যালয়ের ৬টি স্কুলের (অনুষদ) এবং ১টি ইন্সটিটিউটের অধীন ২৮টি ডিসিপ্লিনে (বিভাগ) মুক্তিযোদ্ধার সন্তান ও উপজাতি কোটা ছাড়াও বাংলাদেশ ক্রীড়া শিক্ষাপ্রতিষ্ঠান থেকে (বিকেএসপি) উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত অতিরিক্ত ৭টি আসনসহ মোট ১২১১টি আসনে শিক্ষার্থী ভর্তি করা হবে। গত শিক্ষাবছরের চেয়ে এবার আসন সংখ্যা ৯৩টি বেশি।